দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমা

এনএসডিসি সচিবালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

জুলাই ২০১৫

বর্ধিত কলেবরে এনএসডিসি সচিবালয়ের নতুন কার্যালয়ের ফলক উন্মোচন

২৬ জুলাই ২০১৫ খ্রিঃ তারিখে এনএসডিসি সচিবালয় বর্ধিত কলেবরে ঢাকার তেজগাঁওস্থ টেলিকম ট্রেনিং সেন্টার এর ২য় তলায় তার কার্যক্রম শুরু করে। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক, এমপি কর্তৃক ফলক উন্মোচন কালে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব জনাব মিকাইল শিপার ও এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব) জনাব এবিএম খোরশেদ আলম উপস্থিত ছিলেন। এছাড়াও উক্ত ফলক উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের আমন্ত্রিত অতিথিবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম। পবিত্র কুরআন তেলওয়াতের মাধ্যমে অনুষ্ঠান আরম্ভ হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এনএসডিসি সচিবালয়ের পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম। অতঃপর বিশেষ অতিথির বক্তব্য রাখেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব জনাব মিকাইল শিপার।

চিত্র ১ঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব জনাব মিকাইল শিপার ও এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম এর উপস্থিতিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক, এমপি কর্তৃক বর্ধিত কলেবরে এনএসডিসি সচিবালয়ের ফলক উন্মোচন।

উক্ত বক্তব্যে তিনি দেশের মানব সম্পদের দক্ষতা উন্নয়ন, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিষয়ে জাতীয় নীতিমালা ও আইন প্রণয়নের নির্দেশনা প্রদান, অনুমোদন এবং বাস্তবায়ন তদারকিতে এনএসডিসি সচিবালয়ের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন।

প্রধান অতিথির বক্তব্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক সকল সরকারি ও বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের সমন্বয় সাধন এবং ধারণক্ষমতার পূর্ণ সদ্ব্যবহার নিশ্চিত করার জন্য এনএসডিসি সচিবালয় যে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে কৌশল নির্ধারণে দিকনির্দেশনা প্রদান করেছে তার প্রশংসা করেন।

চিত্র ২ঃ প্রধান অতিথি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক, বিশেষ অতিথি সচিব জনাব মিকাইল শিপার এর উপস্থিতিতে এবং এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম (অতিরিক্ত সচিব) এর সভাপতিত্বে মতবিনিময় সভা অনুষ্ঠিত।

তাঁর আহবানে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে এক ঘন্টাব্যাপী আমন্ত্রিত অতিথিদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভার শুরুতেই বক্তব্য রাখেন Agro Food Industry Skill Council এর সিইও জনাব মোঃ শফিকুর রহমান ভূইয়াঁ। তিনি দক্ষতা উন্নয়নে ইন্ডাস্ট্রিগুলোর সাথে সরকারের সংযোগ স্থাপনে আইএসসি'র গুরুত্ব তুলে ধরেন এবং আইএসসিগুলোকে শক্তিশালী করতে তার Capacity building এর প্রয়োজনীয়তা ব্যক্ত করেন। ট্যুরিজম এন্ড হসপিটালিটি সেক্টর আইএসসি'র সভাপতি জনাব একেএম বারী উল্লেখ করেন যে, আইএসসিসমূহ ILO এর সাথে সার্ভিস কন্ট্রাক্ট করেছে এবং এ ব্যাপারে এনএসডিসি সচিবালয়ে গৃহীত পদক্ষেপের তিনি প্রশংসা করেন। B-SEP Project, ILO এর প্রোগ্রাম অফিসার জনাব হরিপদ দাস দক্ষতা উন্নয়নে Recognition of Prior Learning (RPL) এর গুরুত্ব তুলে ধরেন।

তিনি উল্লেখ করেন যে, যদি RPL Certificate প্রাপ্ত লোকদের কিছু কোর্সের মাধ্যমে পুথিগত ফরমাল বিদ্যায় শিক্ষিত করা যায় এবং তাদের কোন শিক্ষানবীসি প্রোগ্রামে অন্তর্ভুক্ত করা যায় তাহলে প্রতি বছর লক্ষ লক্ষ দক্ষ জনশক্তি তৈরি করা সম্ভব হবে। Skills and Training Enhancement Project এর উপ-প্রকল্প পরিচালক জনাব এজেএম আব্দুল্লাহেল বাকী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার্থীদের উৎসাহ প্রদানের জন্য তাদের বৃত্তি প্রদান এবং শিক্ষা সমাপ্তিতে তাদের জন্য জব ফেয়ারের এবং শিক্ষানবীসি পদ্ধতির আয়োজন করার জন্য Skills and Training Enhancement Project এর স্টেকহোল্ডার এনএসডিসি সচিবালয়, DTE, BMET প্রমুখদের আহবান করেন। বাংলাদেশ প্রাইভেট পলিটেকনিক ইনস্টিটিউটের জনৈক অধ্যক্ষ এনএসডিসি সচিবালয়ের সহযোগিতায় skill development এর বিভিন্ন প্রোগ্রাম, RPL সার্টিফিকেশন, বিভিন্ন ফরমাল এবং ইনফরমাল ট্রেনিং সম্পর্কে প্রবাসে বাংলাদেশের দূতাবাসের লেবার কাউন্সেলরকে তথ্য প্রদানের জন্য এনএসডিসি সচিবালয়কে পরামর্শ দেন।

চিত্র ৩ঃ এনএসডিসি সচিবালয়ের ফলক উন্মোচন উপলক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভা।

বাংলাদেশে লক্ষ লক্ষ ডলার রেমিটেন্স প্রেরণকারী এই শ্রমিকেরা RPL এর আওতায় সার্টিফিকেট প্রাপ্ত হলে প্রবাসে আরও ভাল কাজে সংযুক্ত হতে পারবে এবং দেশের অর্থনীতিকে আরও সমৃদ্ধ করতে পারবে।

ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ এর সাধারণ সম্পাদক জনাব শামসুর রহমান, শিক্ষার মাধ্যমে দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরি ও বৃত্তিমূলক প্রতিষ্ঠানসমূহের শিক্ষা ও প্রশিক্ষণের মান উন্নয়নের জন্য গুরুত্ব প্রদান করেন এবং সেই সাথে দক্ষ মানুষের মূল্যায়ন করার জন্য আহবান জানান। বর্তমানে ভারত সরকারের সহযোগিতায় ও অর্থায়নে বাংলাদেশের ১০ (দশ) টি জেলায় এরূপ ট্রেনিং সেন্টার তৈরির মাধ্যমে দক্ষতা উন্নয়নে দেশের জনবলকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এনএসডিসি সচিবালয়ের সহযোগিতা কামনা করেন।

উক্ত মতবিনিময় সভা শেষে মাননীয় প্রতিমন্ত্রী সবাইকে দক্ষতা উন্নয়নের জন্য একসাথে কাজ করার আহবান জানান এবং সেই সাথে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের দক্ষতা উন্নয়ন বিষয়ক কার্যকলাপগুলোর যাতে পুনরাবৃত্তি না ঘটে সেদিকে লক্ষ্য রাখার জন্য এনএসডিসি সচিবালয়কে আহবান জানান। উক্ত অনুষ্ঠানে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা এনএসডিসি সচিবালয় কর্তৃক গৃহীত পদক্ষেপ ও কার্যকলাপের সংক্ষিপ্ত বিবরণ দেন। সেই সাথে তিনি উক্ত অনুষ্ঠানে আলোচিত অনেক মতামতের উল্লেখযোগ্য দিকগুলো প্রতিমন্ত্রী মহোদয়ের নিকট তুলে ধরেন এবং তা বাস্তবায়নের জন্য আশু পদক্ষেপের প্রত্যাশা জানান। এনএসডিসি সচিবালয়ের কর্মকান্ডের সর্বাঙ্গীন মঙ্গল ও সুদৃঢ় ভবিষ্যত কামনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

Deutsche Gesellschaft fuer Internationale Zusammenarbeit (GIZ) এর সাথে আলোচনা

২৬ জুলাই ২০১৫ খ্রিঃ তারিখে এনএসডিসি সচিবালয়ের কনফারেন্স রুমে GIZ এর সিনিয়র এ্যাডভাইজা ডঃ আনিসুজ্জামান এবং Ms Bettina Schmidt এর সাথে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম, পরিচালক জনাব মোহাম্মদ রোজউল করিমের সাথে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনার উল্লেখযোগ্য দিকগুলো নিম্নরূপঃ

১। PSES প্রকল্পের আওতায় CRP, BGMEA ও এনএসডিসি সচিবালয়ের সহায়তায় একটি জব সেন্টারের পরিচালনায় বিশেষ সহযোগিতার প্রত্যাশা ।

২। জব সেন্টারের প্রাথমিক কার্যাবলীর মধ্যে আলোচনা, বিশ্লেষণ, REHAB এর সাথে লিংকেজ, প্রশিক্ষণ এবং চাকুরী ও চাকুরীর তথ্য প্রদান উল্লেখযোগ্য। কয়েক মাসব্যাপী পরিচালিত পাইলট প্রজেক্টের অভিজ্ঞতা থেকে এই প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কে ধারণা পাওয়া যাবে।

৩। Inclusive Job Center এর ধারণা পাওয়ার লক্ষ্যে জার্মানীতে শিক্ষা সফরে অংশগ্রহণ;

৪। বাংলাদেশে চাকুরীর সুযোগ বৃদ্ধিতে প্রাপ্ত অভিজ্ঞতার ডকুমেন্ট, পেপার ইত্যাদি ডিসেম্বর ২০১৫-তে LAO-তে অনুষ্ঠিত আর্ন্তজাতিক কনফারেন্স শেয়ার করা;

৫। সমন্বিত কার্যক্রম দ্বারা RMG এবং টেক্সটাইল সেক্টর জাতীয় নীতি ও আর্ন্তজাতিক স্ট্যান্ডার্ড অনুযায়ী পরিচালিত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করা;

৬। পাবলিক এবং প্রাইভেট সেক্টরের TVET initiative এর ৫% কোটা বাস্তবায়ন করা, দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণার্থীদের বিশেষজ্ঞ দল গঠন;

৭। CAMPE নেটওয়ার্কের আওতায় এনজিও পরিচালিত ০৪টি আঞ্চলিক নারী প্রশিক্ষণ সেন্টার ও ভোকেশনাল প্রশিক্ষণ সেন্টার চালু করা।

GIZ এর PSES প্রকল্প পরিচালনা ও বাস্তবায়নের জন্য তারা এনএসডিসি সচিবালয়ের সহায়তা কামনা করেন।

বাংলা-জার্মান সম্প্রীতি (BAS) পরিচালিত "Market Place Development for Youth Employment Generation" শীর্ষক পাইলট প্রজেক্টের সাফল্য অবহিতকরণের জাতীয় কর্মশালা

২৭ জুলাই ২০১৫ তারিখে বাংলা জার্মান সম্প্রীতির উদ্যোগে মাহবুবুল করিম কনফারেন্স রুম, BIAM ভবনে "Market Place Development for Youth Employment Generation" শীর্ষক পাইলট প্রজেক্টের সাফল্য অবহিতকরণের জন্য একটি জাতীয় কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব) জনাব এবিএম খোরশেদ আলম। বাংলা-জার্মান সম্প্রীতি (BGS) এর চেয়ারপার্সন ডঃ রওশন জাহান অনুষ্ঠানটিতে এই প্রকল্পের সাফল্য তুলে ধরেন। উক্ত পাইলট প্রকল্পের মাধ্যমে গাইবান্ধা ও রংপুর জেলায় ০৬টি উপজেলার ১৩৪৪ জনকে চাহিদা অনুযায়ী ০৪টি ভিন্ন ট্রেডে দক্ষতা প্রশিক্ষণ দেওয়া হয়। এই ট্রেড ০৪টি হলো-

1) Mechanical filter and industrial maintenance;
2) Electrical house wiring and motor rewinding;
3) Garments machine operator; and
4) Plumbing.

পরবর্তিতে Plumbing ট্রেডের বিকল্প হিসেবে চাহিদা অনুযায়ী মোবাইল ফোন সার্ভিসিং যুক্ত করা হয়। উক্ত ট্রেনিং শেষে প্রায় ৬৩০ জন বিভিন্ন কোম্পানী ও ইন্ডাস্ট্রি যেমন - আরএফএল, প্রাণ গ্রুপ, SINO BANGLA, Walton, Asian textile ইত্যাদিতে চাকরি পেয়েছে। ৫২৩ জন প্রশিক্ষার্থী বিভিন্ন ব্যাংক, NGO এবং উন্নয়ন সহযোগীদের থেকে স্বল্প সুদে ঋণ নিয়ে আত্মকর্মসংস্থান করেছে। এই সাফল্যের ধারাবাহিকতায় উক্ত প্রজেক্টের মেয়াদ (MDYEG) আরও এক বছর বৃদ্ধি পেয়েছে। কর্মশালার শেষে ডঃ রওশন জাহান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় যুবনীতির সাথে দক্ষতা উন্নয়নের সমন্বয় করে দক্ষতা বিষয়ক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করার ব্যাপারে SDF, NSDC সচিবালয়ের এবং সেই সাথে সরকারের সহায়তা কামনা করেছে।

বাংলাদেশ প্যারামেডিকেল শিক্ষাবোর্ড আইন প্রণয়নের বিষয়ে বোর্ড এ্যাফিলিয়েটেড সোসাইটি ফর মেডিকেল টেকনোলজি ইনস্টিটিউশন্স (বামি) কর্তৃক মতামত গ্রহণ সর্ম্পকিত দ্বিতীয় সভা

২৭ জুলাই ২০১৫ খ্রিঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ প্যারামেডিকেল শিক্ষাবোর্ড আইন প্রণয়নের বিষয়ে বোর্ড এ্যাফিলিয়েটেড সোসাইটি ফর মেডিকেল টেকনোলজি ইনস্টিটিউশন্স (বামি) কর্তৃক আপত্তি বিষয়ক মতামত গ্রহণ সর্ম্পকিত ২য় সভা এনএসডিসি সচিবালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ডঃ মোঃ মোস্তাফিজুর রহমান, বামির চেয়ারম্যান ডাঃ এম এ বাসেদ, স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ ইহতেশামুল হক চৌধুরী; BMTA এর মহাসচিব মুহাম্মদ মাহবুব হাসান, বামির মহাসচিব ডাঃ এন এম কিরণ; শিল্প মন্ত্রণালয়ের উপসচিব ডাঃ মোঃ ওমর ফারুখ, Bangladesh Private Services Medical Technologist Association এর সভাপতি মোঃ শিবলুর রহমান, DTE এর পরিচালক মোঃ বাবর আলী, ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজির অধ্যক্ষ ডাঃ জালাল আহমেদ, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদের সচিব মোঃ জাহিদুর রাহমান, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের কারিকুলাম বিশেষজ্ঞ ডঃ ই. আলাউদ্দিন খলিফা, এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম, পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম, পরিচালক কাজী নজরুল ইসলাম এবং উপপরিচালক মোঃ কামরুজ্জামান। উক্ত সভায় মেডিকেল টেকনোলজিস্ট তৈরির চলমান কার্যকলাপগুলো NTVQF এর আওতায় বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। একটি আন্তঃমন্ত্রণালয় সভার মাধ্যমে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

চরাঞ্চলের জনসাধারণের দক্ষতা উন্নয়ন কার্যক্রম মন্ত্রণালয়ের মাধ্যমে চরাঞ্চলের জনসাধারণের আর্থসামাজিক উন্নয়ন

২৮ জুলাই ২০১৫ খ্রিঃ তারিখে জামালপুর জেলার বিশেষত যমুনা ও ব্রক্ষপুত্র চরাঞ্চলে দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণের বিষয়ে মাননীয় সংসদ সদস্য (জামালপুর-২) জনাব মোঃ ফরিদুল হক খান (দুলাল) এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে এক আলোচনা সভায় মিলিত হন। এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা এ সচিবালয়ের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে মাননীয় সংসদ সদস্যকে অবহিত করেন এবং মাননীয় সাংসদ তার ভূয়সী প্রশংসা করেন।

চিত্র ৪ঃ মাননীয় সংসদ সদস্য (জামালপুর-২) জনাব মোঃ ফরিদুল হক খান (দুলাল), বাংলাদেশ সেনাবাহিনীর কর্নেল মোঃ নুরুল হুদা এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ বি এম খোরশেদ আলম, অতিরিক্ত সচিবের সাথে আলোচনা সভা।

কারিগরি শিক্ষা ক্ষেত্রে বিভিন্ন সময়ে অবদান রাখা বাংলাদেশ সেনাবাহিনীর কর্নেল মোঃ নুরুল হুদা বিশেষ আমন্ত্রণে আলোচনাকালে উপস্থিত ছিলেন। চরাঞ্চলে মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে কারিগরি দক্ষতা উন্নয়ন বৃদ্ধি বিষয়ে কি কার্যক্রম গ্রহণ করা যায়, সেই সম্পর্কিত বিস্তারিত আলোচনা হয় এবং সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগে দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণে এনএ-সডিসি সচিবালয় কি ধরনের ভূমিকা রাখতে পারে সে বিষয়েও আলোকপাত করা হয়। সভায় সিদ্ধান্ত হয় যে, জাতীয় দক্ষতা উন্নয়ন সংক্রান্ত বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য খুব শীঘ্রই এনএসডিসি সচিবালয়ের উদ্যোগে জামালপুর জেলায় দুইটি কর্মশালার আয়োজন করা হবে এবং দক্ষতা উন্নয়ন বিষয়ে কি কার্যক্রম গ্রহণ করা যায় এ বিষয়ে প্রাথমিক অনুসন্ধান পরিচালনা করা হবে।

চিত্র ৫ঃ মাননীয় সংসদ সদস্য (জামালপুর-২) জনাব মোঃ ফরিদুল হক খান (দুলাল), এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার থেকে উপহার গ্রহণ।

Swiss Agency for Development and Co-operation (SDC) এর সাথে আলোচনা

৮ জুলাই ২০১৫ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকায় এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলমের সাথে Swiss Agency for Development and Co-operation (SDC) এর পলিসি এডভাইসর জনাব Simon Junker এবং সুইস দূতাবাসের TVET এর প্রোগ্রাম ম্যানেজার জনাব যোয়াদুল করিম খানের আলোচনা অনুষ্ঠিত হয়। SDC এর এই প্রতিনিধিদলের আগমনের উদ্দেশ্য ছিল এনএসডিসি সচিবালয়ের কার্যকলাপ, বাংলাদেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের বর্তমান অবস্থা, NTVQF এর বাস্তবায়ন ইত্যাদি সম্পর্কে অবহিত হওয়া এবং দীর্ঘমেয়াদী Swiss Agency for Development and Co-operation (SDC) কিভাবে বাংলাদেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণে সহযোগিতা করতে পারে সেই বিষয়ে অবহিত হওয়া। এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা উক্ত সচিবালয়ের সার্বিক কার্যকলাপ, TVET সেক্টরের বর্তমান অবস্থা, চলমান কর্মসূচি এবং ভবিষ্যত প্রয়োজনীয় বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। SDC এর প্রতিনিধিরা বৃত্তিমূলক শিক্ষা ও তার চ্যালেঞ্জের উপর বিশেষ গুরুত্ব প্রদান করেন। এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশে বৃত্তিমূলক শিক্ষার মান উন্নয়নের জন্য একটি আর্ন্তজাতিক মানের অত্যাধুনিক ল্যাব সমৃদ্ধ বৃত্তিমূলক কারিগরি প্রশিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন এবং বগুড়ায় বিদ্যমান বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রটির মান উন্নয়ন বিষয়ে SDC এর সহায়তা কামনা করেন।

ভিশন ২০২১ অনুযায়ী বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তরের জন্য প্রতি বছর ন্যূনতম ১৫ লক্ষ কর্মীকে কারিগরি প্রশিক্ষণ প্রদান করতে হবে। এই বিপুল কর্মকান্ড সম্পাদনের জন্য স্বল্প মেয়াদে আগামী ৫ বছরের প্রাতিষ্ঠানিক কাঠামো নির্মাণ প্রায় অসম্ভব বিধায় বিকল্প ব্যবস্থা হিসেবে ভার্চুয়াল কারিগরি পাঠশালার ধারণাপত্র উপস্থাপন করেন। SDC এর জনাব Junker উল্লেখ করেছেন যে, বাস্তবতার আলোকে ভার্চুয়াল কারিগরি পাঠশালা ধারণাটি অত্যন্ত সময় উপযোগী এবং এ ধরনের কিছু কার্যক্রম ইতিমধ্যে সুইজারল্যান্ডে চালু আছে বিধায় SDC এ বিষয়ে বিবেচনায় নিতে পারে।

চিত্র ৬ঃ Swiss Agency for Development and Co-operation (SDC) থেকে আগত প্রতিনিধিদলের সাথে আলোচনা।

Industry Skill Council (ISC) সমূহের একটি brainstorming workshop

৭ জুলাই ২০১৫ খ্রিঃ বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের উদ্যোগে ঢাকার মতিঝিলস্থ ১২২-১২৪ চেম্বার বিল্ডিং এর কনফারেন্স রুমে ইসিএনএসডিসির কো-চেয়ারপার্সন জনাব সালাহউদ্দিন কাশেম খানের সভাপতিত্বে Industry Skill Council (ISC) সমূহের একটি brainstorming workshop অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় আইএসসি'র প্রতিনিধিবৃন্দ ছাড়াও এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম, পরিচালক (কর্মসূচি) জনাব মোহাম্মদ রেজাউল করিম।

International Labour Organisation (ILO) এর আর্থার শিয়ার্স, ফ্রান্সিস দিলিপ ডি সিলভা, SEIP প্রকল্পের কনসালটেন্ট এবং ইসিএনএসডিসি'র সদস্য জনাব লায়লা কবির উপস্থিত ছিলেন।

উক্ত অনুষ্ঠানের প্রারম্ভে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা Industry Skill Council (ISC) গঠনের উদ্দেশ্য এবং এর দায়িত্ব ও কর্তব্য বিশদভাবে বর্ণনা করেন এবং আগামী দিনের দক্ষ জনশক্তি গড়ার ক্ষেত্রে উক্ত আইএসসিগুলোর অধিকতর ভূমিকা রাখার জন্য তাদের প্রতি আহবান জানান। তাছাড়া বিদ্যমান আইএসসিগুলোকে অধিকতর ক্রিয়াশীল করার বিষয়ে বিভিন্ন প্রস্তাবনা উক্ত অনুষ্ঠানে উপস্থাপন করা হয়। দক্ষতা উন্নয়ন কর্মকান্ডে এনজিও প্রতিষ্ঠানসমূহের অধিকতর ভূমিকার বিষয়ে ব্র্যাক দক্ষতা কেন্দ্রের পরিচালক তাহসিনা আহমেদ সকলকে অবহিত করেন এবং সকল Industry Skill Council (ISC) NGOগুলোর সাথে সমন্বিতভাবে কাজ করতে পারেন এ মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। একদিনব্যাপী অনুষ্ঠিত এই কর্মশালার অনুরূপ আরও কর্মশালা আয়োজনের জন্য আইএসসি'র প্রতিনিধিগণ এনএসডিসি সচিবালয়কে অনুরোধ জানান।

World Youth Skills Day 2015 উদ্‌যাপন

জাতিসংঘ গত ২০১৪ সালের নভেম্বর মাসে প্রতি বছর ১৫ই জুলাইকে World Youth Skills Day দিবসরূপে পালন করার জন্য বিশ্বের সকল দেশকে আহবান জানান। প্রতিটি দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণে সাধারন জনগণ ও যুবসমাজের আগ্রহ সৃষ্টি ও সচেতন করার লক্ষ্যে এ দিবসের ঘোষণা করা হয়। এনএসডিসি সচিবালয় বাংলাদেশে অনাড়ম্বরে প্রথমবারের মত গত ১৫ জুলাই ২০১৫-তে এক অনুষ্ঠানের মাধ্যমে দিবসটি উদযাপন করে। আগামীতে দক্ষতা উন্নয়নের সাথে সংশ্লিষ্ট সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান ও উন্নয়ন সহযোগী সকলকে নিয়ে বৃহৎ পরিসরে এ দিবসটি উদযাপনের আশাবাদ ব্যক্ত করে।

চীনা দূতাবাসের কর্মকর্তাদের টঙ্গীস্থ শিল্প সর্ম্পক শিক্ষা কেন্দ্রটি পরিদর্শণ

৬ জুলাই ২০১৫ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকায় এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম চীনা দূতাবাসের কর্মকর্তাদের সাথে ঢাকার অদূরে গাজীপুরের টঙ্গীস্থ শিল্প সর্ম্পক শিক্ষা কেন্দ্রটি পরিদর্শণ করেন। বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে গণপ্রজাতন্ত্রী চীন সরকারের ক্রমবর্ধমান ভূমিকার অংশ হিসেবে চীনা দূতাবাসের বাণিজ্যিক কাউন্সিল এবং সহযোগী কর্মকর্তা এই সফর ও পরিদর্শন করেন। চীন সরকারের সহযোগিতায় একটি বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও পরিচালনা বিষয়ে স্থান নির্বাচনই এ সফরের উদ্দেশ্য। চীনা প্রতিনিধিদল টঙ্গীস্থ শিল্প সর্ম্পক শিক্ষা কেন্দ্রটির অব্যবহৃত জায়গায় জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল সচিবালয়ের তত্ত্বাবধানে চীন সরকারের সহায়তায় একটি অত্যাধুনিক কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার বিষয়ে সম্ভাব্যতা যাচাইয়ের অংশ হিসেবে এই পরিদর্শনে আসেন এবং বাংলাদেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় চীন সরকারের দীর্ঘমেয়াদী ভূমিকা লাভের বিষয়ে এনএসডিসি সচিবালয়ের সাথে কাজ করার বিষয়ে তারা আশাবাদ ব্যক্ত করেন।

Japan International Co-operation Agency (JICA) থেকে আগত প্রতিনিধিদলের সাথে আলোচনা

৬ জুলাই ২০১৫ খ্রিঃ বিকাল ২.৩০ ঘটিকায় এনএসডিসি সচিবালয়ে Japan International Co-operation Agency (JICA) থেকে আগত প্রতিনিধিদলের সাথে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলমের সাথে আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনায় JICA থেকে আগত প্রতিনিধিদলে দক্ষিণ এশিয়া বিভাগের প্রধান Yamaoka Mami, কারিগরি ও উচ্চতর শিক্ষা বিভাগের উপপরিচালক Miura Yoshiko, প্রাথমিক শিক্ষা উপদেষ্টা Kazuaki Hashimoto এবং ডেপুটি প্রোগাম অফিসার কানিজ ফাতেমা ও এনএসডিসি সচিবালয়ের পরিচালক (কর্মসূচি) জনাব মোহাম্মদ রেজাউল করিম এবং উপপরিচালক জনাব মোঃ কামরুজ্জামান উপস্থিত ছিলেন।

উক্ত আলোচনায় JICA মূলতঃ কারিগরি শিক্ষা ক্ষেত্রে বাংলাদেশের সক্ষমতা অর্জনের জন্য দেশের প্রয়োজন নির্ধারণ (country need assessment) করার ব্যাপারে এবং কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে এনএসডিসি সচিবালয়ের দক্ষতা উন্নয়নের ভূমিকার বিষয়ে কার্যক্রম অবহিত হওয়ার আগ্রহ প্রকাশ করে। এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ বাস্তবায়নে উক্ত সচিবালয়ের কার্যক্রম সর্ম্পকে প্রতিনিধিদলকে অবহিত করেন। কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের উন্নয়নের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হলো কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষক ও প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদান। এজন্য তিনি এক নতুন আন্তর্জাতিক মানের শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনে জাপান সরকারের সহায়তা কামনা করেন। সেইসাথে বাংলাদেশে বিদ্যমান পলিটেকনিক ও টেকনিক্যাল স্কুল ও কলেজগুলোতে ল্যাবরেটরি সুযোগ-সুবিধা এবং যন্ত্রপাতির উন্নয়নে ও যুগোপযুগী শিক্ষা কারিকুলাম প্রণয়ণে জাপান সরকারের সহায়তা কামনা করেন।

চিত্র ৭ ঃ Japan International Co-operation Agency (JICA) থেকে আগত প্রতিনিধিদলের সাথে আলোচনা।

তাছাড়া বাংলাদেশের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রে জাপান থেকে স্বেচ্ছাসেবক শিক্ষক ও প্রশিক্ষকদের দল প্রেরণ এবং বাংলাদেশের কারিগরি প্রশিক্ষকদের উচ্চতর শিক্ষা ও প্রশিক্ষণের জন্য জাপান প্রেরণ প্রসঙ্গে সহায়তা প্রদান ও সহযোগিতা কামনা করেন।

সিবিটিএন্ডএ সেল জুলাই ২০১৫ এর কার্যক্রম

জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো বাস্তবায়নে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সিবিটিএন্ডএ সেল জুলাই ২০১৫ মাসের নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন করেছে।

১। কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন স্কিলস্ এন্ড ট্রেনিং এ্যানহ্যান্সমেন্ট প্রজেক্টের সহায়তায় অনুমোদিত ১০টি এ্যাসেসমেন্ট সেন্টারে ০৭টি অকুপেশনে আরপিএল পদ্ধতিতে জুলাই ২০১৫ মাসের ১০ তারিখে ৪৫২ জন এবং ৩১ তারিখে ৪৪ জন প্রার্থীদের অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনা করেছে।

২। অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনার জন্য ইলেকট্রিক্যাল ইন্সটলেশন অ্যান্ড মেইনটেন্যান্স (সিভিল কন্সট্রাক্শন) লেভেল-১ অকুপেশনের ইন্ডাস্ট্রি অ্যাসেসরদের প্রশিক্ষণান্তে ০৫-০৭-২০১৫ তারিখে স্কিল ও ১১-০৭-২০১৫ তারিখে সিবিটিএন্ডএ স্ট্যার্ন্ডান্ড অনুযায়ী অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

৩। বোর্ডের সিবিটি সেলে ফার্ণিচার সেক্টরের লেকার পলিশার অকুপেশনের লেভেল ১-৩ কম্পিটেন্সি স্ট্যার্ন্ডাড প্রণয়ন কর্মশালা ১-৩ জুলাই ২০১৫ তারিখে বোর্ডে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় টেকনিক্যাল সাব কমিটির সদস্যদের বোর্ড কর্তৃক স্ট্যার্ন্ডাড প্রণয়নে সহায়তা প্রদানসহ উল্লেখিত কম্পিটেন্সি স্ট্যার্ন্ডাড স্ট্রাকচার প্রণয়ন করা হয়।

৪। টুরিজম এন্ড হসপিটালিটি সেক্টরের ৩টি অকুপেশনের টিচার/ট্রেনারদের ০২-০৭-২০১৫ তারিখে ট্যুর গাইডিং, ০৩-০৭-২০১৫ তারিখে ফুড এন্ড বেভারেজ সার্ভিসে, ০৪-০৭-২০১৫ তারিখে হাইজ কিপিং অকুপেশনে এ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

৫। কারিগরি শিক্ষা বোর্ড হতে জুলাই ২০১৫ হতে ০৫টি প্রতিষ্ঠানকে আরটিও হিসেবে এবং একটি প্রতিষ্ঠানকে অ্যাসেসমেন্ট সেন্টার হিসেবে অ্যাক্রিডেট করা হয়েছে।

Skills And Training Enhancement Project (STEP)

শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন STEP প্রজেক্টের মূল উদ্দেশ্য হলো নির্বাচিত সরকারি-বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের মান উন্নয়ন এবং প্রশিক্ষনার্থী কর্মসংস্থান।এই প্রজেক্টের বাস্তবায়নকারী প্রতিষ্ঠান কারিগরি শিক্ষা অধিদপ্তর। প্রজেক্টটি বাংলাদেশ সরকার, বিশ্বব্যাংক এবং কানাডার যৌথ অর্থায়নে পরিচালিত হচ্ছে এবং মেয়াদকাল জুলাই ২০১০ থেকে জুন ২০১৬ পর্যন্ত।

প্রজেক্টের উদ্দেশ্য

১। সরকারের দারিদ্র বিমোচন কর্মকৌশলের অংশ হিসেবে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষন প্রতিষ্ঠানের মান উন্নয়ন;

২। আইএসসি, এনএসডিসি সচিবালয় এবং এসএসসি (ভোকেশনাল) স্কুলকে সহযোগীতা প্রদানের লক্ষ্যে টিভিইটি সেক্টরকে শক্তিশালীকরণ;

৩। টিভিইটি সেক্টরের ম্যানেজমেন্ট এবং মান উন্নয়নের সাথে যে সকল প্রতিষ্ঠান (DTE, BTEB, BMET) জড়িত তাদের ধারন ক্ষমতা শক্তিশালীকরণ;

৪। প্রজেক্ট ম্যানেজমেন্ট এবং বাস্তবায়নের কৌশলপত্র প্রণয়ন, পর্যবেক্ষণ এবং মূল্যায়ন পদ্ধতি সংস্থাপন।

প্রকল্পের কার্যাবলী

১। ৯৩টি সরকারি বেসরকারি পলিটেকনিক প্রতিষ্ঠানে ডিপ্লোমা ছাত্র ছাত্রীদের মাসিক ৮০০ টাকা হারে বৃত্তি প্রদান;

২। ৬৪টি প্রতিষ্ঠানে সল্প মেয়াদী প্রশিক্ষণ প্রদান (৬মাস/ ৩৬০ ঘন্টা) এবং প্রশিক্ষণার্থীদের মাসিক ৭০০ টাকা হারে বৃত্তি প্রদান;

৩। ৫০টি সরকারি/পাবলিক পলিটেকনিক প্রতিষ্ঠানকে শিক্ষক মন্ডলী প্রদান;

৪। ৩৩টি সরকারি বেসরকারি পলিটেকনিক প্রতিষ্ঠানে ধারন ক্ষমতা উন্নয়নের জন্য অনুদান বাস্তবায়ন;

৫। টেকনিক্যাল টির্চাস ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠাকরণ;

৬। এসএসসি (ভোকেশনাল) লেভেল শিক্ষানবীসি প্রোগ্রাম পাইলটিংকরণ;

৭। আধাদক্ষ শ্রমিকদের BGMEA, BKMEA এবং BAIRA এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান;

৮। অভিজ্ঞ যুবকদের RPL সার্টিফিকেট প্রদান;

৯। টিভিইটি বাস্তবায়নকারী এজেন্সি যেমন DTE, BTEB, BMET এবং এনএসডিসি সচিবালয়ের ধারন ক্ষমতা উন্নয়ন;

১০। কর্মশালা, সেমিনার, কনফারেন্স, জবফেয়ার, দক্ষতা প্রতিযোগীতা ইত্যাদির আয়োজন করা।

সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের নাম

১। শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৩। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৪। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ভবন -৭ (৫ম তলা) বাংলাদেশ সচিবালয়, আব্দুল গণি রোড, ঢাকা- ১০০০।
৬। সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ভবন নং-৬ (৪র্থ তলা), ঢাকা-১০০০।
৮। কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। তথ্য মন্ত্রণালয়, ভবন-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। রেলপথ মন্ত্রণালয়, রেলওয়ে ভবন, ঢাকা।
১১। স্থানীয় সরকার ,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
১২। ডাক ,টেলিযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
১৩। প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
১৪। বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ভবন-৬ (৬ষ্ঠ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১৭। বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১৮। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
২২। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। অর্থ মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দক্ষতা উন্নয়নের চলমান প্রকল্প সমূহ

১। স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP), কারিগরি শিক্ষা অধিদপ্তর,এফ-৪/বি আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP), UCEP Cheyne Tower (২য় তলা), ২৫, সেগুন বাগিচা, ঢাকা।
৩। Bangladesh Skills for Employment & Productivity (B-SEP) Project, International Labour Organization, House-A/9, Road-127, Gulshan-1, Dhaka-1212.
৪। TVET Reform Project, International Labour Organization (ILO), House-A/9, Road-127, Gulshan-1, Dhaka-1212.
৫। SEP-B Project (UK Aid & SDC), House#5, Level-3, Road-10, Baridhara, Dhaka-1212.

সংশ্লিষ্ট দপ্তর সমূহ

১। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।
২। যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৩। মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৪। কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৬। বাংলাদেশ রাসায়নিক শিল্প কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৭। বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৮। স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। বাংলাদেশ রেলওয়ে, ওসমানগনি রোড, ঢাকা।
১০। মৎস্য অধিদপ্তর, ১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনী, রমনা, ঢাকা।
১১। জাতীয় সমাজ কল্যাণ পরিষদ, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা।
১২। সমাজ সেবা অধিদপ্তর, ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১৩। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ১৩৭-৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা , ঢাকা।
১৪। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সিটিউট, মৃত্তিকা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১৫। কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, প্রথম ভবন, ৫ম তলা ঢাকা।
১৬। বাংলাদেশ প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও), ৯১, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
১৭। আইআরইএসপিপিডব্লিউ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লীভবন, ৫ কাওরানবাজার, ঢাকা।
১৮। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, ১৪ ই/এক্স আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১৯। বাংলাদেশ পাট কল কর্পোরেশন, আদমজী কোর্ট (এনেক্স-১), ১১৫-১২০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২০। বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (৭ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা।
২১। এনএইচটিটিআই, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, ঢাকা।
২২। সমুদ্র পরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ ভবন (৮ম তলা), ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২৩। বাংলাদেশ আণবিক শক্তি কমিশন,পরমাণু ভবন, ই-১২/এ আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২৪। বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০।

দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমা

এনএসডিসি সচিবালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

আপনি কি আপনার দক্ষতার স্বীকৃতি চান ? RPL পদ্ধতিতে নিম্নের বিষয় গুলিতে আপনি সার্টিফিকেট পেতে পারেন-

ট্রেড/ বিষয়

- ইলেকট্রিক্যাল ইনস্টলেশন
- প্লামবিং
- মটরসাইকেল রিপেয়ারিং
- সুয়িং মেশিন অপারেশন
- ড্রেস মেকিং এবং টেইলারিং
- ব্লক বাটিক

যে সমস্ত প্রতিষ্ঠানে পরীক্ষা দিতে পারেন

- বিকেটিটিসি, চট্টগ্রাম
- বাংলাদেশ-জার্মান টিটিসি, মিরপুর, ঢাকা
- ইউসেপ বাংলাদেশ, মিরপুর,ঢাকা
- স্টার বাংলা টেকনিক্যাল ইনস্টিটিউট, গাজীপুর
- ভিটিটিআই, বগুড়া
- শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা টিটিসি, মিরপুর,ঢাকা
- এনআইটি, চট্টগ্রাম
- ওয়েস্টার্ন মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম
- খুলনা শীপইয়ার্ড ট্রেনিং ইনস্টিটিউট
- ইআইটি, রংপুর

"কর্ম সংস্থানের ভিত্তি দক্ষ জনশক্তি"

অফিস স্থানান্তর

জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ সচিবালয় পূর্বের শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা টিটিসি, দারুস সালাম, মিরপুর, ঢাকা এর পরিবর্তে বৃহত্তর পরিসরে ২য় তলা, টেলিকম ট্রেনিং সেন্টার, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ এ স্থানান্তরিত হয়েছে। এনএসডিসি সচিবালয়ের সঙ্গে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল, আরপিএল এবং এনটিভিকিউএফ বাস্তবায়নসহ দক্ষতা উন্নয়নের যে কোন প্রয়োজন ও পরামর্শে নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো ঃ

বর্তমান ঠিকানা

এনএসডিসি সচিবালয় (২য় তলা)
টেলিকম ট্রেনিং সেন্টার,
তেজগাঁও শিল্প এলাকা,
ঢাকা- ১২০৮ ।

টেলিফোন নম্বর ঃ ৮৮৯১০৯১
৮৮৯১০৯৩
৮৮৯১০৯৬
ফ্যাক্স ঃ ৮৮৯১০৯২

ইমেইল ঃ nsdcsecbd@yahoo.com
ওয়েবসাইট ঃ www.nsdc.gov.bd

প্রধান উপদেষ্টা

জনাব এ বি এম খোরশেদ আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)

সম্পাদনা পরিষদ

জনাব কাজী নজরুল ইসলাম
পরিচালক (উপসচিব)

জনাব মোহাম্মদ রেজাউল করিম
পরিচালক (উপসচিব)

জনাব নেপাল চন্দ্র কর্মকার
উপপরিচালক (সহযোগী অধ্যাপক)

সম্পাদক

নাহিদ আখতার শান্তা
গবেষণা কর্মকর্তা

সরকারি, বেসরকারি সংস্থার যেকোন দক্ষতা উন্নয়ন সম্পর্কে কোন সংবাদ, বিজ্ঞপ্তি, কর্মকাণ্ড থাকলে তা 'দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমায়' প্রকাশের জন্য এনএসডিসি সচিবালয়ের ঠিকানায় যোগাযোগের জন্য সবিনয় অনুরোধ করা হলো। দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমা প্রতি মাসে এনএসডিসি সচিবালয় থেকে প্রকাশিত হয়।

এনএসডিসি সচিবালয় ২য় তলা, টেলিকম ট্রেনিং সেন্টার, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮ কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত।
টেলিফোন নম্বরঃ ৮৮৯১০৯১, ৮৮৯১০৯৩, ৮৮৯১০৯৬, ফ্যাক্সঃ ৮৮৯১০৯২, ইমেইলঃ nsdcsecbd@yahoo.com, ওয়েবসাইটঃ www.nsdc.gov.bd